

একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মানুসাম শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

আইন শাখা-১

পরিবহণ পুল ভবন (কক্ষ নং-১১২)

সচিবালয় লিংক রোড, ঢাকা।

www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৮৬.০৮.০০২.২০-৯৭

তারিখঃ ০৩ ফালুন ১৪২৬ ব.
১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি।

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩২৮৯/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৩২৮৯/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১৩২৮৯/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপন্ডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১৩২৮৯/২০১৯	চেয়ারম্যান, গভর্ণি ং বড়ি, আইয়ুব ফাউন্ডেশন টেকনিক্যাল কলেজ (AFTEC), পশ্চিম আমিরাবাদ, লোহাগড়া, চট্টগ্রাম।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই, ও আরো অন্যান্যসহ মোট ১১ (এগার) জন।	কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কারিগরি ও (বেসরকারি) শিল্প বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের পে- স্টেল ২০১৫ এর বেতনক্ষেত্রে ৮৮০০-২১৩০/- টাকা (১৮ তম গ্রেড) এর সর্বনিম্ন ধাপ ৮৮০০/- টাকার ভিত্তিতে প্রতিমাসে (ক) শিক্ষক (প্রতিট্রেড) ৮০% (খ) ক্লার্ক ৪০% (গ) এমএলএসএস ২০% হিসেবে যথাক্রমে ৭০৪০/-, ৩৫২০/- ও ১৭৬০/- টাকা বেতন নির্ধারণের একটি নীতিমালা তৃঢ়াত্তকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয় হতে ১৩/৩/২০১৬ তারিখে ৩৭.০০ .০০০০.০৭৬.১২.০৫১.২০১৫-১৮৮ সংযুক্ত স্মারকে (Annexure-C মূলে) অফিস আদেশ জারি করা হয়। উক্ত স্মারকে প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কারিগরি ও (বেসরকারি) শিল্প বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের সরকার প্রদত্ত আর্থিক অনুদান বাড়নোর জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে চেয়ারম্যান, গভর্ণি বড়ি, আইয়ুব ফাউন্ডেশন টেকনিক্যাল কলেজ (AFTEC), পশ্চিম আমিরাবাদ, লোহাগড়া, চট্টগ্রাম কর্তৃক পিটিশনার হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩২৮৯/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৭/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন সাপেক্ষে শিক্ষা মন্ত্রণালয় হতে ১৩/৩/২০১৬ তারিখে ১৮৮ সংখ্যক স্মারকে (Annexure-C মূলে) জারীকৃত অফিস আদেশ অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কারিগরি ও (বেসরকারি) শিল্প বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের সরকার প্রদত্ত আর্থিক অনুদান বাড়নোর জন্য সংশ্লিষ্টদের প্রতি
প্রদত্ত আর্থিক অনুদান বাড়নোর জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ২৫/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শনোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। আলোচ্য রিট মামলাটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান যা ডিটিই সংশ্লিষ্ট এবং ডিজি, ডিটিই-কে আলোচ্য মামলায় ৩ নং রেসপন্ডেন্ট করা হয়েছে বিধায় উক্ত
রিট মামলায় গত ২৭/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা ডিটিই
কর্তৃক গ্রহণপূর্বক টিএমইডি-কে অবহিত করা আবশ্যিক।

০৪। রিট পিটিশন নং-১৩২৮৯/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৭/১১/২০১৯ তারিখে জারীকৃত উল্লিখিত বুলনিশি এর কপি সংযুক্ত করে তদানুযায়ী
ব্যবস্থা গ্রহণের জন্য তথা ডিটিই কর্তৃক প্রদত্ত সুপারিশমালা বাস্তবায়নের অনুরোধ জানিয়ে চেয়ারম্যান, আইয়ুব ফাউন্ডেশন টেকনিক্যাল কলেজ (AFTEC)
লোহাগড়া, চট্টগ্রাম কর্তৃক ডিজি, ডিটিই-কে অনুরোধ জানিয়ে অনুলিপি প্রেরণ করা হয়েছে।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৩২৮৯/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ২৭/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী সরকার পক্ষে জবাব
দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে
গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামি ২৭/০২/২০২০ খ্রি তারিখের মধ্যে (প্রমাণকসহ) টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৫/০২/২০২০
(মো: আ: খালেক মির্জা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৮১০৫০১৫১।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনলিপি সদয় জাতৰ্থে/কাৰ্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মানুসাম শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মানুসাম শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (প্রত্রাটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মানুসাম শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মানুসাম শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। চেয়ারম্যান, গভর্ণি বড়ি, আইয়ুব ফাউন্ডেশন টেকনিক্যাল কলেজ (AFTEC), পশ্চিম আমিরাবাদ, লোহাগড়া, চট্টগ্রাম (তার ০২/০১/২০২০ তারিখের আবেদনের প্রেক্ষিতে)।

৬। অফিস কপি/মাস্টার কপি।